



টুল এন্ড টেকনোলজি ইনস্টিটিউট (টিটিআই), বিটাক
তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮।

গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তৈরিকৃত যন্ত্র, যন্ত্রাংশ এবং প্রসেসের বিবরণ

শিরোনাম : স্থানীয় পদ্ধতিতে সাশ্রয়ী মূল্যে কফি ভেন্ডিং মেশিন তৈরী।

বিবরণ : কফি ভেন্ডিং মেশিনটি আন্তর্জাতিক মান সম্পন্ন এবং এর মূল্য আমদানী মূল্যের চেয়ে কম। কফি ভেন্ডিং মেশিনটির সকল স্পয়ার পার্টস প্রযুক্তি হস্তান্তর প্রক্রিয়ায় টিটিআই এর নিবন্ধিত স্থানীয় লাইট ইঞ্জিনিয়ারিং এর নতুন উদ্যোক্তাগণের মাধ্যমে সম্পাদন করা হয়েছে। মেশিনটির রক্ষণাবেক্ষণ অত্যন্ত সহজলভ্য। পাশাপাশি স্থানীয় লাইট ইঞ্জিনিয়ারিং-এ নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। দেশের তৈরি এই পণ্য ব্যবহারের মাধ্যমে বৈদেশিক মুদ্রা সাশ্রয়সহ দেশ সেবায় অংশগ্রহণের জন্য সবিনয় অনুরোধ করছি।

উদ্ভাবন : কফি ভেন্ডিং মেশিনটিতে স্পয়ার পার্টস হিসেবে মেটালের পরিবর্তে প্লাস্টিক ব্যবহার করায় উদ্ভাবন খরচ কম পড়ে।

বর্তমান উদ্ভাবনের পূর্বের অবস্থা : মেশিনটি ইতোপূর্বে বিদেশ হতে আমদানি করা হতো। বাংলাদেশে স্থানীয় প্রযুক্তিতে তৈরির ব্যবস্থা ছিল না।

জনগণের সেবা প্রদানে এটির ভূমিকা : মেশিনটি ইতোপূর্বে বিদেশ হতে আমদানি করা হতো। বাংলাদেশে স্থানীয় প্রযুক্তিতে তৈরির ফলে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে। এর ফলে মাঝারি এবং ক্ষুদ্র উদ্যোক্তা এবং দোকানীরা লাভবান হবে।

উদ্ভাবনে শিক্ষণীয় বিষয় : এই উদ্ভাবনটিতে যে নতুন প্রযুক্তি ব্যবহার করা হয়েছে তা কারিগরি প্রতিনিধি গণের জন্য অত্যন্ত শিক্ষণীয়। বিশেষ করে এতে অ্যাসেম্বলি এবং ফিটিং এ ক্রটি কমানো এবং কমিশনিং বিষয়টি অত্যন্ত শিক্ষণীয়।



চিত্রঃ কফি ভেন্ডিং মেশিন